(Under Section 154 Cr. P.C.) 969

1. Dist. Darjeeling P.S. Siliguri Women Year 2025 FIR No. 119/2025 Date 27.12.2025

2. i) Act BNS Sections 74/79/115(2)/351(2) ii) Act ........ Sections ........

iii) Act ........ Sections ........ iv) Others Acts & Sections ........

3. (a) Occurrence of offence : Day Friday Date From ........ Date To On 26.12.2025

Time Period ........ Time From ........ Time To At About 20:45 hours

(b) Information received at P.S. Date 27.12.2025 Time 12:30 hrs

(c) General Diary Reference : Entry No (s) 542 Time 12:30 hours

4. Type of Information written Written / Oral

5. Place of Occurrance : (a) Direction and Distance from P.S. ........ Beat No ........

(b) Address Bidhan Market, Hill Cart Road, Siliguri

(c) In case outside limit of this Police Station, then the

Name of the P.S. ........ District ........

6. Complainant / Informant :

(a) Name Mithun Bhattacharyya

(b) Father's / Husband's Name S/O late Shambhunath Bhattacharjee.

(c) Date / Year of Birth – (d) Nationality Indian

(e) Passport No. – Date of Issue : – Place of Issue –

(f) Occupation –

(g) Address Sribas Colony, PO Sahudangi Hatt PS NJP District Jalpaiguri.

7. Details of known / suspected / unknown accused with full particulars

(Attach separate sheet, if necessary) :

One Unknown Person

8. Reasons for delay in reporting by the Complainant / Information

Does not arise.

9. Particulars of properties stolen / involved (Attach separate sheet, if necessary) :

–

10. Total value of properties stolen / involved –

11. Inquest Report / U.D. Case No. If any –

12. FIR Contents (Attach separate sheets, if required) : The original written complaint of the complainant which is treated as FIR is enclosed herewith.

13. Action Taken : Since the above report reveals commission of offence(s) as mentioned at item No. 2, Registered the case and took up the investigation / directed LSI Shiksha Singh Sarki of Siliguri Women PS to take up investigation / refused investigation / transferred to P.S ........ on point of jurisdiction. FIR read over to the Complaint / Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant / informant free of cost.

Mithun Bhattacharyya

27.12.2025

14. Signature / Thumb impression of the Complainant / Informant

Signature of the Officer-in-Charge, Police Station

Name NIDEN SHERPA

DEPY SUB INSPECTOR OF POLICE

Rank : No. SILIGURI WOMEN PS

SPC

15. Date & Time of despatch to the court :

Scanned by Camera Scanner

Received on 27-12-2025 At- 12:30 hours vide Siliguri women PS GDE NO 542 Dated 27-12-2025 and Started Siliguri women PS Case NO. 119/2025 Dt - 27-12-2025 U/s 74/79/115(2)/351(2) BNS and endorsed to LSI Shiksha Singh Sarki of Siliguri women PS to investigate the case

Officer-in-Charge
Siliguri Women P.S.

প্রতি
ইন্সপেক্টর ইনচার্জ
শিলিগুড়ি মহিলা থানা
শিলিগুড়ি পুলিশ কমিশনারেট

তারিখ: ২৭/১২/২০২৫

বিষয়: প্রকাশ্যে অশ্লীল স্পর্শের চেষ্টা, অশ্লীল গালিগালাজ, মহিলাকে লাথি মারা এবং আমাকে হুমকি ও মারমুখী হওয়ার বিরুদ্ধে অভিযোগ।

মহাশয়া,

আমি মিঠুন ভট্টাচার্য, জলপাইগুড়ি জেলার শ্রীবাস কলোনি, এনজেপি থানা এলাকার বাসিন্দা। এই মর্মে অভিযোগ জানাচ্ছি যে গতকাল রাত আনুমানিক পৌনে নয়টা নাগাদ শিলিগুড়ি শহরে বিধান মার্কেট সংলগ্ন হিলকার্ট রোডের ফুটপাতে প্রকাশ্যে আমার স্ত্রী বর্ণালী সরকারের সঙ্গে এক ব্যক্তি অশ্লীল আচরণ করেন।

ঘটনার বিবরণ অনুযায়ী, সেই সময় সেবক মোড় সংলগ্ন এলাকা থেকে ফুটপাত ধরে আমি এবং আমার স্ত্রী ভেনাস মোড়ের দিকে হেঁটে যাচ্ছিলাম। হাঁটার সময় আমি আমার স্ত্রীর থেকে কিছুটা পিছিয়ে পড়ি। বিধান মার্কেটে ঢোকার একটি গলির মুখে এক ব্যক্তি ফুটপাতে পার্ক করে রাখা একটি বাইকে ওঠার চেষ্টা করছিলেন। সেই সময় আমার থেকে প্রায় সাত-আট ফুট এগিয়ে থাকা আমার স্ত্রীকে ওই ব্যক্তি অশ্লীলভাবে হাত বাড়িয়ে স্পর্শ করার চেষ্টা করেন।

আমার স্ত্রী পাশ কাটিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করতেই ওই ব্যক্তি পা দিয়ে আমার স্ত্রীর পেটে লাথি মেরে অশ্লীলভাবে স্পর্শ করেন। এবং ইঙ্গিতপূর্ণ মন্তব্য করেন। এতে আমার স্ত্রী হতভম্ব হয়ে পড়ে এবং সঙ্গে সঙ্গে ঘটনার প্রতিবাদ করে। এতে ওই ব্যক্তি পুনরায় অশ্লীল গালাগালি ও অঙ্গভঙ্গি করতে থাকেন।

এই ঘটনা আমার নজরে পড়ে এবং আমি শান্তভাবে ওই ব্যক্তিকে তার ভুল বুঝিয়ে বলার চেষ্টা করি। এতে ওই ব্যক্তি আরও উত্তেজিত হয়ে বাইক থেকে নেমে আমার ওপর মারমুখী হয়ে ওঠেন এবং আমাকে হুমকি ও অশ্রাব্য ভাষায় গালিগালাজ করতে থাকেন। আমাকে এবং আমার স্ত্রী দুজনকেই তুই-তোকারি করে আক্রমণ করতে থাকেন ওই ব্যক্তি।

চিৎকার ও হট্টগোল শুনে আশপাশের দোকানদার ও পথচারীরা ঘটনাস্থলে জড়ো হয়ে যান। সকলের সামনেই ওই ব্যক্তি আমাকে আক্রমণ করার চেষ্টা করেন। পরে স্থানীয়দের প্রতিবাদে তিনি বাইক নিয়ে দ্রুত এলাকা ছেড়ে পালিয়ে যান।

আমার ধারণা, যেহেতু অভিযুক্ত ব্যক্তি ফুটপাতের ওপর বাইক দাঁড় করিয়ে রেখেছিলেন, সেহেতু তিনি স্থানীয় বাসিন্দা হতে পারেন। কারণ শিলিগুড়ির হিলকার্ট রোডের ফুটপাতে বহিরাগত কারও পক্ষে এভাবে বাইক দাঁড় করিয়ে রাখা কার্যত সম্ভব নয়। এছাড়াও উল্লেখ থাকে, ওই এলাকারই একটি বেসরকারি প্রতিষ্ঠানে আমার স্ত্রী কর্মরত। প্রতিদিন ওই এলাকায় তাকে চলাফেরা করতে হয়। ফলে ওই ব্যক্তির আগে থেকে আমার স্ত্রীর প্রতি কু-মতলব ছিল কিনা সেটাও তদন্ত সাপেক্ষ। এছাড়াও গোটা ঘটনায় আমি এবং আমার স্ত্রী দুজনেই চূড়ান্ত অপমানিত বোধ করতে থাকি।

অতএব প্রশাসনের কাছে আমার আবেদন, ঘটনাস্থলের সিসিটিভি ফুটেজ সংগ্রহ করে অভিযুক্ত ব্যক্তিকে দ্রুত চিহ্নিত করা হোক এবং তাঁর বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হোক।

Scanned by Camera Scanner

উল্লেখ্য, রাত হয়ে যাওয়ায় আমার এবং আমার স্ত্রীর বাড়ি ফেরার তাড়া ছিল। ফলে স্ত্রীকে নিয়ে তাৎক্ষণিকভাবে অভিযোগ দায়ের করতে থানায় যাওয়া সম্ভব হয়নি। সেই কারণে রাতে আমি ইমেইল করে বিষয়টি আপনার থানা সহ প্রশাসনের বিভিন্ন স্তরে জানিয়েছি। আজ আমার এই লিখিত অভিযোগটি গ্রহণ করে উপযুক্ত ধারায় মামলা রুজু করার অনুরোধ রাখছি।

ধন্যবাদান্তে,

Mithun Bhattacharyya
২৭/১২/2025

বিনীত
মিঠুন ভট্টাচার্য
ঠিকানা: শ্রীবাস কলোনি
পোস্ট -সাউডাঙ্গি হাট
থানা - এনজেপি
জেলা: জলপাইগুড়ি
মোবাইল নম্বর: ৯৬৪১১১৫৮০৯
S/O - Lt - Shambhu nath Bhattacharjee.

Scanned by Camera Scanner